

ইউরিয়া মোলাসেস ব্লক সংরক্ষণ প্রযুক্তি

ভূমিকা

ইউরিয়া মোলাসেস ব্লক গো-খাদ্য প্রযুক্তিটি খামারিদের নিকট বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। কিন্তু ব্লক সংরক্ষণ সমস্যার জন্য খামারিগণ প্রায়ই অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে থাকেন। বিশেষ করে বৃষ্টির দিনে বা স্যাঁতসেঁতে পরিবেশে ব্লকের ওপর ছত্রাক পড়ায় ব্লক গরু খেতে চায় না।

প্রযুক্তি ব্যবহারের পদ্ধতি

- * খাদ্য উপাদানগুলোর সাথে শতকরা ০.৫-১.০ ভাগ বাণিজ্যিকভাবে উৎপাদিত প্রোপিওনিক এসিড মিশ্র করে ব্লক উৎপাদন ও সংরক্ষণ করলে সারা বছরেও ছত্রাক ধরে না।
- * প্রোপিওনিক অ্যাসিড গরুর দেহের জন্য মোটেই ক্ষতিকর নয়। এ ধরনের অ্যাসিড গরুর পাকস্থলীতে খাদ্য হতে উৎপন্ন হয় এবং গরু বাছুরের দেহে গ্লুকোজ ও শক্তি সরবরাহের জন্য ব্যবহৃত হয়।

অতএব, প্রোপিওনিক অ্যাসিড দ্বারা সংরক্ষিত ব্লক কখনও নষ্ট হবে না এবং বাছুরের ক্ষতিও করবে না। ব্লক সংরক্ষণে বাণিজ্যিকভাবে উৎপাদিত প্রোপিওনিক এসিড ব্যবহার করে খামারিগণ উপকৃত হবেন বলে আমরা বিশ্বাস করি।

প্রযুক্তির উদ্ভাবকঃ ড. খান শহীদুল হক



পশুসম্পদ ও পোল্ট্রি উৎপাদন

১৭৬

প্রযুক্তি নির্দেশিকা

